

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮২

বিলৌনীয়া, ১২ এপ্রিল, ২০২৫

বিলৌনীয়ায় টেট পরীক্ষার্থীদের জন্য বিশেষ কোচিং

দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের উদ্যোগে জেলার অন্তর্গত যেসকল পরীক্ষার্থী আসন্ন টেট-টু পরীক্ষা-২০২৫ এ বসবে তাদের জন্য বিনামূল্যে তিনদিনের এক বিশেষ কোচিংয়ের ব্যবস্থা করা হয়েছে। বিলৌনীয়ার বিদ্যাপীঠ সুবর্ণ জয়ন্তী হলে এই কোচিং শুরু হবে ১৭ এপ্রিল, চলবে ১৯ এপ্রিল পর্যন্ত। প্রতিদিনে সকাল ১১টা থেকে কোচিং শুরু হবে। কোচিং দেবেন আগরতলার একাডেমি সার্ভিসেস-এর অভিজ্ঞ শিক্ষকগণ। আগ্রহী পরীক্ষার্থীদের এই সুযোগ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক।
